

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০২০.২৩.০০২.২১.২৬৭ তারিখঃ ০৪/০৩/২০২৫খ্রি. মোতাবেক প্রাপ্ত পত্রমূলে ২৫ মার্চ, ২০২৬ গণহত্যা দিবস ও ২৬ মার্চ, স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৬ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সঙ্গে সংগতি রেখে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও আওতাধীন দপ্তরের বিভিন্ন কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী:

- ১। সভাপতি : মোঃ আব্দুর রহিম, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
২। সভার তারিখ : ১৫/০৩/২০২৬খ্রি., দুপুর ২.০০ ঘটিকা
৩। স্থান : মহাপরিচালক মহোদয়ের সম্মেলন কক্ষ
৪। সভার উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক

৫। আলোচনা ও সিদ্ধান্ত

৫.১ সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ২৫ মার্চ, গণহত্যা দিবস ও ২৬ মার্চ, স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের সিদ্ধান্তের উপর আলোচনার সূত্রপাত করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে কৃষিবিদ মোঃ হাবিবউল্লাহ, পরিচালক (প্রশাসন ও অর্থ) ২৫ মার্চ, গণহত্যা দিবস ও ২৬ মার্চ, স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদার সাথে পালনের লক্ষ্যে গৃহীতব্য কর্মসূচী সভায় উপস্থাপন করেন। সভা পরিচালনা করেন। উপস্থাপিত কর্মসূচীর ভিত্তিতে উপস্থিত সকলে মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত দিবসসমূহ যথাযথ পালনের নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.নং	কর্মসূচী	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/কর্মকর্তা
২৫ মার্চ ২০২৬ গণহত্যা দিবস ২০২৬ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে গৃহীত কর্মসূচীঃ		
০১	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে (সকল এটিআই) বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা।	পরিচালক, প্রশিক্ষণ উইং ও অধ্যক্ষ, এটিআই (সকল)
০২	২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বাদ যোহর বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন।	এডিডি (লিসাসা), সহকারী পরিচালক (অর্থ) ও মাঠ পর্যায়ের দপ্তর প্রধানগণ।
০৩	রাত ১০.৩০ মিনিট হতে রাত ১০.৩১ মিনিট পর্যন্ত এক মিনিটের প্রতীকি ব্লাক আউট।	নির্বাহী প্রকৌশলী, ভৌত অবকাঠামো ও মাঠ পর্যায়ের দপ্তর প্রধানগণ
২৬ মার্চ, স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৬ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে গৃহীত কর্মসূচীঃ		
০৪	২৬ মার্চ, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ উপলক্ষ্যে সূর্যোদয়ের সাথে সাথে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা সহ অধিদপ্তরাধীন সকল দপ্তরে সঠিক রং ও আকারের জাতীয় পতাকা উত্তোলন	অতিরিক্ত উপপরিচালক (লিসাসা ও মাঠ পর্যায়ের দপ্তর প্রধানগণ।
০৫	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে (সকল এটিআই) সকাল ০৮:০০ টায় জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, কুচকাওয়াজ ও ডিসপ্লে প্রদর্শন।	পরিচালক, প্রশিক্ষণ উইং ও অধ্যক্ষ, এটিআই (সকল) জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।
০৬	জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে সুবিধাজনক সময়ে ডিএই সদরদপ্তর, খামারবাড়ি, ঢাকাস্থ মসজিদসহ ও সকল কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহের মসজিদে দোয়া মাহফিল ও মোনাজাত এবং অন্যান্য ধর্মীয় উপসানলয়ে বিশেষ প্রার্থনা।	উপপরিচালক (লিসাসা), সহকারী পরিচালক (অর্থ), অধ্যক্ষ, এটিআই (সকল)

৬. সভার সভাপতি ২৫ মার্চ, গণহত্যা দিবস ও ২৬ মার্চ, স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের লক্ষ্যে আন্তরিকতার সঙ্গে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহবান জানান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত/মোঃ আব্দুর রহিম
মহাপরিচালক

স্মারক নং-১২.০১.০০০০.১১১.১২.০০৯.৯৯.২২. ৫৭৭ (২০০)

তারিখ ২৬/০৩/২০২৬খ্রি।

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (সদয় অবগতির জন্য)।
- ২। পরিচালক, উইং (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৩। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।
- ৪। অতিরিক্ত পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, অঞ্চল, (সকল)।
- ৬। অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, (সকল)।
- ৭। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা।
- ৮। উপপরিচালক, (প্রশাসন/পার্সোনেল/লিসাসা), প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা।
- ৯। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, (সকল)।
- ১০। প্রকল্প পরিচালক, (সকল)।
- ১১। উপপরিচালক, হার্টিকালচার সেন্টার, (সকল)।
- ১২। উপপরিচালক, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, (সকল)।
- ১৩। অতিরিক্ত উপপরিচালক, (প্রশাসন-১/প্রশাসন-২/পার্সোনেল/লিসাসা), প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা।
- ১৪। অতিরিক্ত উপপরিচালক, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, (সকল)।
- ১৫। উপজেলা/থানা সার্কেল/মেট্রোপলিটন কৃষি অফিসার, (সকল)।
- ১৬। উদ্যানতত্ত্ববিদ, হার্টিকালচার সেন্টার, (সকল)।
- ১৭। সহকারী পরিচালক (অর্থ), প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা।
- ১৮। নার্সারী তত্ত্বাবধায়ক, হার্টিকালচার সেন্টার, (সকল)।
- ১৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ২০। জনাব


মোঃ হাবিবউল্লাহ
পরিচালক
প্রশাসন ও অর্থ উইং